# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ কুরআনের প্রতি আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

সূরার প্রথম অংশ থেকে তিলাওয়াত শুরু করুন

সূরার মাঝখান থেকে শুরু করলে এমন আয়াত থেকে শুরু করুন, যে আয়াতের সাথে পূর্বের আয়াতের অর্থের কোন সম্পর্ক নেই এবং এমন আয়াতে আপনার ক্বিরাআত শেষ করুন, যে আয়াতের সাথে পরবর্তী আয়াতের অর্থের কোন সম্পর্ক নেই। আর এ জন্যই যারা কুরআনের অর্থ বুঝেন না, তাঁদের জন্য আধা সূরা অপেক্ষা পূর্ণ সূরা পড়াই উত্তম।[1]

বলাই বাহুল্য যে, বাক্যে যেখানে থামা চলে না, সেখানে থামলে অথবা যেখানে থামতে হয়, সেখানে থেমে গেলে অর্থ উল্টা হওয়া স্বাভাবিক। যেমন ধরুন, এক দেওয়ালের গায়ে লেখা আছে, ‘এখানে পেশাব করিবেন না, করিলে জরিমানা লাগিবে।’ কিন্তু আপনি যদি পড়েন, ‘এখানে পেশাব করিবেন, না করিলে জরিমানা লাগিবে।’ তাহলে নিশ্চয় আপনার বুঝের সাথে আমল এবং তার পরিণামও মন্দ হবে। সুতরাং থামার চিহ্ন চিনে কুরআন পড়ুন।

## ফুটনোট

[1]. আযকার নওবী ১৬৩পৃঃ

Source — https://www.hadithbd.com/books/link/?id=7910

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন